


ভলিয়াম ফ্লেক্সি

৩০০ এসসি

ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি থায়ামেথাক্সাম ও ক্লোরানট্রানিলিপ্রোল-এর সমন্বয়ে প্রস্তুত একটি স্পর্শক ও পাকস্থলি গুনসম্পন্ন কীটনাশক। এটি বেগুনের ডগা ও ফল ফলছিদ্রকারী পোকা এবং টমেটোর ফলছিদ্রকারী পোকা দমনে কার্যকরী ও অনুমোদিত।

কার্যকরী উপাদান:

সাধারণ নাম:	থায়ামেথাক্সাম	ক্লোরানট্রানিলিপ্রোল
অনুপাত:	২০০ গ্রাম/লিটার	১০০ গ্রাম/লিটার
রাসায়নিক নাম:	৩-(২-ক্লোরো-থায়াজল-৫-ইল মিথাইল)-৫-মিথাইল-[১,৩,৫] অক্সাডায়াজিনান-৪-ইলিডেন-এন-নাইট্রোইমাইন	৩-রমো-এন-[৪-ক্লোরো-২মিথাইল-৬-মিথাইলএমিনো) কারবোনাইল]-ফিনাইল]-১-(৩-ক্লোরো-২-পাইরিডিনাইল)-১এইচ-পাইরাজল-৫-কারবোঅক্সামাইড



কার্যকারিতা:

- ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি একটি নতুন ধরনের কার্যকারিতা সম্পন্ন স্পর্শক ও পাকস্থলি গুনসম্পন্ন কীটনাশক। তাই এর সংস্পর্শে টমেটো র ফলছিদ্রকারী পোকা ও কীড়া দ্রুত মারা যায়।
- ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি পাতা ও কান্ডের মধ্যে দিয়ে দ্রুত উদ্ভিদকলায় প্রবেশ করে এবং জাইলেম কলার মাধ্যমে খুব দ্রুত সমস্ত গাছ ও ফলে ছড়িয়ে পড়ে। জাইলেমের মাধ্যমে পরিবাহিত হয় বলে নতুন গজানো ডগা, পাতা ও ফলেও সফল ভাবে পোকা দমন করে।
- ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি পোকাকার স্নায়ুতন্ত্রের স্বাভাবিক কার্যক্রম বাঁধাগ্রস্ত করে , পোকাকার খাদ্যগ্রহণ পুরোপুরিভাবে বন্ধ করে দেয় ফলে পোকা মারা যায়।
- ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি ডিম ও লার্ভার উপরে কার্যকর।
- ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি প্রয়োগের পর এর কার্যকারিতা ৭(সাত)দিন পর্যন্ত অক্ষুণ্ণ থাকে।

ফসলে সহিষ্ণুতা:

সাধারণভাবে আনুমোদিত মাত্রা য় ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি স্প্রে করলে ফসলের কোন ক্ষতি করেনা।

ফসলে অবশিষ্টাংশ:

ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি শেষ প্রয়োগ ও ফসল তোলার মধ্যে ৩ দিন ব্যবধান রাখা উচিত। এতে এম আর এল মানুষের জন্য ক্ষতিকর মাত্রার নিচে থাকে।

মিশ্রণযোগ্যতা:

ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি সাধারণভাবে অন্য বলাইনাশকের সঙ্গে মিশ্রণযোগ্য তবে মিশালোর পূর্বে মিশ্রণযোগ্যতা পরীক্ষা করে নিতে হবে।

বিশাক্ততা:

বিশ্ব স্বাস্থ্য সংস্থার বলাইনাশক বিশাক্ততার শ্রেণী বিন্যাসে ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি ৩য় শ্রেণীভুক্ত কীটনাশক।

প্রয়োগ মাত্রা: ০.৫ এম এল/লিটার পানি (২৫০এমএল প্রতি হেক্টরে)

প্রয়োগ ক্ষেত্র:

ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি টমেটোর ফলছিদ্রকারী পোকা দমনে কার্যকারী ও অনুমোদিত।

প্রয়োগ বিধি:

একটি পাত্রে অল্প পানি নিয়ে তাতে ৫ এম এল ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি ভালোভাবে মিশিয়ে নিন এরপর ১০ লিটার স্প্রে মেশিনে অর্ধেক মেশিন পানি নিয়ে তাতে দ্রবণটি ঢেলে সম্পূর্ণ মেশিন পানি দিয়ে পূর্ণ করুন এবং ভালভাবে মিশিয়ে নিন। এরূপ ১০ লিটার মিশ্রণ দিয়ে ৫ শতাংশ জমির সমস্ত গাছ ভালোভাবে ভিজিয়ে স্প্রে করুন।

সাবধানতা:

গন্ধ নেয়া, গায়ে লাগানো, গিলে খাওয়া নিষেধ। স্প্রে করার সময় পানাহার ও ধূমপান নিষেধ। খালি গায়ে, খালি পেটে, বাতাসের বিপরীতে ও প্রখর রোদে স্প্রে করবেন না। স্প্রে করার পর ব্যবহৃত কাপড় সাবান দিয়ে ধুয়ে ফেলুন। শিশুদের নাগালের বাইরে, মানুষ ও পশুখাদ্য হতে দূরে নিরাপদ স্থানে ভালোভাবে তালা বন্ধ করে রাখুন। খালি বোতল অন্য কাজে ব্যবহার করবেন না। ভেঙ্গে মাটির নিচে পুঁতে রাখুন।

মৌমাছির বিচরণ ও খাদ্য গ্রহণকালীন সময়ে ভলিয়াম ফ্লেক্সি ৩০০ এসসি স্প্রে করবেন না। এটি বিকালে স্প্রে করা ভালো, কারণ এ সময়ে মৌমাছির বিচরণ কম থাকে।

প্রাথমিক চিকিৎসা:

অসুস্থতার লক্ষণ দেখা দিলে কীটনাশক নিয়ে কাজ করা বন্ধ করুন। গায়ে লাগলে পরিষ্কার পানি ও সাবান দিয়ে ধুয়ে ফেলুন, চোখে লাগলে প্রচুর পরিমাণে পরিষ্কার পানির ঝাঁপটা দিন। অসুস্থ ব্যক্তিকে মুক্ত স্থানে স্থানান্তরিত করুন। গিলে খেলে বমি করান। অচেতন রোগীকে বমি করবেন না ও কোন কিছু খাওয়ানোর চেষ্টা করবেন না। অতিস্বর ডাক্তারের পরামর্শ নিন।

প্রতিষেধক:

নির্দিষ্ট কোনো প্রতিষেধক নেই। লক্ষণ অনুযায়ী চিকিৎসা করুন।

গুদামজাতকরণ:

স্বাভাবিক আলো-বাতাস চলাচল করে এমন শুষ্ক ও ছায়ামুক্ত স্থানে আদি মোড়কে গুদামজাত করতে হবে। গুদামের তাপমাত্রা ১০ ডিগ্রী সেলসিয়াস এর নিচে এবং ৩৫ ডিগ্রী সেলসিয়াস এর উপরে হবে না। অনুমোদিত অবস্থায় গুদামজাত করলে প্রস্তুতের তারিখ হতে ২ বৎসর পর্যন্ত এর গুণগুণ সম্পূর্ণ বিদ্যমান থাকে।

রেজিস্ট্রেশন নম্বর: এপি ১৬২০

প্রস্তুতকারক: সিনজেনটা ইন্ডিয়া লিমিটেড
ইন্ডিয়া

রেজি. হোল্ডার ও

বাজারজাতকারী: সিনজেনটা বাংলাদেশ লিমিটেড

সর্বোচ্চ খুচরা মূল্য পরিবর্তনীয়।

মূল্য তালিকা দেখে কিনুন।